মেহেরপুরে জামায়াত নেতাসহ ১০ আসামি গ্রেফতার

মুজিবনগরে জামায়াতের ওয়ার্ড বায়তুল মাল সম্পাদক ও জেলা আমিরের ঘনিষ্ট সহযোগী নাশকতা মামলার আসামি তৌফিক মোল্লা(৫২)কে বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/২৫-ডি ধারার মামলায় গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত তৌফিক মোল্লা মুজিবনগর উপজেলার নাজিরা কোনা গ্রামের জাহান আলী মোল্লার ছেলে।

গ্রেফতারকৃত জামায়াত নেতার বিরুদ্ধে পূর্বেও একাধিক মামলা রয়েছে বলে জানিয়েছে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইন-চার্জ (ওসি) মেহেদী রাসেল এর নেতৃত্বে, থানার এসআই উত্তম কুমার, এসআই মোঃ আশিক, এসআই সজীব, এএসআই শাখাওয়াত, এএসআই সীমা খাতুন এবং সঙ্গীয় ফোর্সের সহায়তায় গতকাল বুধবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করে আসামীদের গ্রেফতার করে।

এছাড়া আদালতের পরোয়ানাভূক্ত অন্য আসামীরা হলেন উপজেলার মোনাখালী গ্রামের কালু শেখের ছেলে চঞ্চল হোসেন(৩৫), রসিকপুর গ্রামের মৃত ছোবহান শেখের ছেলে আবদাল হোসেন (৫০), গোপীনাথপুর গ্রামের মৃত আকছেন আলীর মেয়ে শাহনাজ খাতুন(৩৫), বিশ্বনাথপুর গ্রামের রায়েল বিশ্বাস এর ছেলে রুবেল বিশ্বাস (২৫)।

এদিকে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ আসামি গ্রেফতার হয়েছে। এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও জিআর মামলায় ২ আসামি গ্রেফতার হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

তারা বলেন, বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম রাতভোর আজ ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামীদের আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) দুপুরের দিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় ওয়ারেন্ট ভুক্ত পলাতক আসামি গ্রেফতার

দামুড়হুদায় ছয়টি ওয়ারেন্ট ভুক্ত একজন পলাতক আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বুধবার সকাল ৮টার দিকে রংপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলার চন্দ্রাবাস গ্রামের আলী আহমদ এর ছেলে আশরাফুজ্জামান ওরফে আশরাফুল (৩৮)।

পুলিশ সুত্রে জানাগেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই আসাদ ও এএসআই শাহাবুদ্দীন লস্কর বিভিন্ন স্থানে অভিযান চালায় এবং শ্বাস রুদ্ধ কর অভিযান শেষে রংপুর থেকে ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি আশরাফুজ্জামান ওরফে আশরাফুলকে গ্রেপ্তার করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন ছয়টি সি আর গ্রেফতারী পরোয়ানাভুক্ত এক জন আসামী গ্রেফতার হয়েছে। আজ বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।